



চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

ওয়াসা ভবন, ওয়াসা সার্কেল, দামপাড়া, চট্টগ্রাম।
www.ctg-wasa.org.bd.

উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শহরের বিভিন্ন নিচু এলাকায় (বিশেষ করে হালিশহর ও আখ্ৰাবাদ সিডিএ) চলমান বর্ষা মৌসুমে জোয়ারভাটা এবং অতিবৃষ্টির কারণে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। জলাবদ্ধতার ফলে দূষিত পানি ওয়াসার সম্মানিত গ্রাহকগণের আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের পানিকে সংক্রমিত করছে। এ বিষয়ে ইতোপূর্বে চট্টগ্রাম ওয়াসা বিভিন্ন সংবাদ মাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সম্মানিত গ্রাহকগণকে পানির ট্যাংক পরিষ্কার করার উপায় এবং পানি ফুটিয়ে খাওয়ার জন্য সচেতন করেছিল। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত এলাকা সমূহ হতে পুনরায় জনসাধারণের অসুস্থ হওয়ার সংবাদ পাওয়া যাচ্ছে এবং এ বিষয়ে সামাজিক যোগাযোগের মাধ্যমে চট্টগ্রাম ওয়াসাকে দোষারোপ করার চেষ্টা করা হচ্ছে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, চট্টগ্রাম ওয়াসা পানিশোধন প্রক্রিয়া থেকে শুরু করে পানি সরবরাহ করা পর্যন্ত প্রত্যেকটি ধাপেই পানি পরিশোধন ও জীবাণুমুক্ত করে থাকে। প্রতি মাসেই সরবরাহ লাইনের বিভিন্ন পয়েন্ট থেকে নমুনা সংগ্রহ করে পরীক্ষার মাধ্যমে পানির বিশুদ্ধতা নিশ্চিত করে। ফলে সরবরাহ লাইনের পানিতে কোন প্রকার জীবাণু থাকার সম্ভাবনা নেই। জলাবদ্ধতায় সৃষ্টি পানির দ্বারা গ্রাহকগণের আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের পানি সংক্রমিত হচ্ছে। চট্টগ্রাম ওয়াসা পুরো চট্টগ্রাম মহানগরীতেই পানি সরবরাহ করে থাকে কিন্তু হালিশহর ও আখ্ৰাবাদ সিডিএ এলাকা ছাড়া অন্য কোন এলাকায় অসুস্থতার কোন সংবাদ পাওয়া যায়নি।

অতএব, সম্মানিত গ্রাহকগণকে আন্ডারগ্রাউন্ড রিজার্ভার পরিষ্কার করা এবং পানি ফুটিয়ে খাওয়ার জন্য পুনরায় পরামর্শ দেয়া হল।

চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষ